ভোরের কাগজ

306

তারিখ ... JUL. 1 ■ 1999
পৃঃ ৪ কলাম ৩

## অনার্স কোর্স চালু প্রসঙ্গে

শিক্ষিত সমাজ গড়ে তোলার জন্য দেশের কলেজগুলোতে সরকার অনার্স কোর্স চালু করছে। যার জন্য শিক্ষামন্ত্রীকে অনেক অনেক ধন্যবাদ। কিন্তু দুঃখের বিষয় হলো, যে সব কলেজে প্রয়োজনীয় শিক্ষক নেই, নেই কোনো সরঞ্জাম, কেন সেসব কলেজে অনার্স কোর্স চালু করছেন? আবার দেখা গেলো যে, এমন কতোগুলো কলেজে মাস্টার্স চালু করছেন যেখানে শিক্ষকরা মাস্টার্স ছাত্রছাত্রীদের পড়াতে নিজেরা হিমসিম খাচ্ছেন। অনেক কলেজ আছে যেখানে ইংরেজি অনার্স কোর্স খোলা হয়েছে কিন্তু সেই কলেজে মাত্র একজন ইংরেজির শিক্ষক আছেন। তার পক্ষে কিভাবে সম্ভব একটি অনার্স কোর্স চালানো। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি বিবেচনা করবেন কি?

বিশ্বজিত লোধ
রামমালা ছাত্রাবাস
কুমিল্লা